Online Edition

13 – 19 January, 2022

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) * ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৮, সংখ্যা - ২ সাপ্তাহিক ১৩ - ১৯ জানুয়ারি, ২০২২ পৃষ্ঠা - ২০

101 GEORGE TELEGRAPH
GSCE
পড়লেই সরকারি চাকরি
Helpline : 9830277100 / 200 / 300
George Telegraph • Since 1920

আর্মি স্কুলে ৮৭০০ শিক্ষক-শিক্ষিকা

সারা দেশের বিভিন্ন মিলিটারি স্টেশন ও ক্যান্টনমেন্ট এলাকায় ১৩৬টি আর্মি পাবলিক স্কুলে ৮৭০০ (প্রায়) শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। সংশ্লিষ্ট স্কুলগুলি 'আর্মি ওয়েলফেয়ার এডুকেশন সোসাইটি'-র মাধ্যমে সিবিএসই বোর্ড ও স্থানীয় আর্মি কর্তৃপক্ষের দ্বারা স্বীকৃত। আবেদনের শেষ তারিখ ২৮ জানুয়ারি, ২০২২। শূন্যপদের বিস্তারিত বিবরণ পরবর্তীতে জানানো হবে কর্তৃপক্ষের তরফে।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** *১) পোস্ট গ্র্যাজুয়েট টিচার* পদে আবেদনের জন্য প্রার্থীকে ৫০% নম্বরসহ পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রাপ্ত হতে হবে তিনি যে বিষয়ে আবেদন করতে চান সে বিষয়ে। এর সঙ্গে ৫০% নম্বরসহ বিএড ডিগ্রি পাশ করতে হবে প্রফেশনাল কোয়ালিফিকেশন হিসেবে। *২) ট্রেড গ্র্যাজুয়েট টিচার* পদে আবেদনের জন্য প্রার্থীকে ৫০% নম্বরসহ স্নাতক পাশ করতে হবে তিনি যে বিষয়ে আবেদন করতে চান সে বিষয়ে। এর সঙ্গে ৫০% নম্বরসহ বিএড পাশ করতে হবে প্রফেশনাল কোয়ালিফিকেশন হিসেবে। *৩) প্রাইমারি টিচার* পদে আবেদনের জন্য প্রার্থীকে ৫০% নম্বরসহ যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। এর সঙ্গে প্রফেশনাল কোয়ালিফিকেশন হিসেবে ৫০% নম্বরসহ বিএড/ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (২ বছরের মেয়াদের) পাশ করতে হবে। পিজিটি বা পোস্ট গ্র্যাজুয়েট টিচার হিসাবে আবেদনের জন্য প্রার্থীর যদি

আবেদনের শেষ তারিখ ২৮ জানুয়ারি

এরপর ৩ পাতায়

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১৫০ অ্যাপ্রেন্টিস

আবেদনের শেষ তারিখ ১৯ জানুয়ারি

প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেডে অ্যাভিয়োনিক্স ডিভিশন (হায়দ্রাবাদ) ১৫০টি শূন্যপদে গ্র্যাজুয়েট ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দিতে চলেছে। ১) ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ২) ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ৪) সিভিল ইঞ্জিনিয়ারিং, ৫) কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, ৬) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ৭) কমার্সিয়াল অ্যান্ড কম্পিউটার প্র্যাকটিসিং শাখায় প্রার্থীদের অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দেওয়া হবে।

এরপর ২ পাতায়

প্রাইমারি টেটের ফল প্রকাশিত

গত বছর ৩১ জানুয়ারি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ১১ মাস ১০ দিন পর প্রাইমারি টেটের ফল প্রকাশ করল পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। গত ১০ জানুয়ারি পর্ষদের সভাপতি মানিক ভট্টাচার্য ফল প্রকাশ করেন। পর্ষদের তরফে জানানো হয়েছে যে, টেট পরীক্ষায় সফল হয়েছেন ৯,৮৯৬ জন পরীক্ষার্থী। মোট পরীক্ষার্থী ছিলেন ২,৪৫,৩৪৪ জন। তার মধ্যে অনুপস্থিত ছিলেন ৫৫,৮১৮ জন। বৈধ পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১,৮৯,৫১৪ জন। অর্থাৎ পাশের হার ৫.২২ শতাংশ। প্রায় ৫৫ হাজারের ওপর পরীক্ষার্থী টেটে গরহাজির থাকায় পর্ষদের পক্ষ থেকে ব্যাখ্যা দেওয়া হয়েছে যে, এই টেট পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল ২০১৭ সালে। কিন্তু পরীক্ষা গতবছর ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হওয়ার সময়ের মধ্যে ২০১৪ সালে টেট উত্তীর্ণদের একটা বড় অংশই সাড়ে ১৬ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হয়েছেন। বাকীদের একাংশ উচ্চপ্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক

এরপর ২ পাতায়

৩৫৪ বর্ডার রোড অর্গানাইজেশনে

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ বর্ডার রোডস অর্গানাইজেশন 'জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার্স ফোর্স' ৩৫৪টি শূন্যপদে মাল্টিস্কিলড ওয়ার্কার পেন্টার, মাল্টিস্কিলড ওয়ার্কার মেস ওয়েটার, ভেহিক্যাল মেকানিক এবং ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারী গ্রেড) শাখায় শুধুমাত্র পুরুষ প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২১। আবেদনপত্র পাঠাতে হবে অফলাইনে ১৮ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

এরপর ৩ পাতায়

ম্যাজাগন ডক শিপ বিল্ডার্সে ৮৬ অ্যাপ্রেন্টিস

আবেদনের শেষ তারিখ ২৫ জানুয়ারি

১৯৭৩ সালের অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট অনুযায়ী প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ম্যাজাগন ডক শিপবিল্ডার্স লিমিটেড গ্র্যাজুয়েট এবং টেকনিশিয়ান শাখায় ৮৬ জনকে অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দিতে চলেছে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। গ্র্যাজুয়েট শাখায় প্রশিক্ষণ দেওয়া

এরপর ২ পাতায়

এমটিএস, কুক, ম্যাসেঞ্জার, স্টোরকিপার ইত্যাদি পদে ৬৫

উচ্চমাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

প্রতিরক্ষা মন্ত্রকের অধীনে বোম্বে ইঞ্জিনিয়ার গ্রুপ অ্যান্ড সেন্টার স্টোর কিপার, সিভিলিয়ান ট্রেড ইনস্ট্রাক্টর, কুক, লস্কর, ম্যাসেঞ্জার, ওয়াচম্যান, সাফাইওয়ালা, গার্ডেনার, ওয়াশারম্যান এবং বার্বার পদে ৬৫ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : ০১/২০২২। আবেদনের শেষ তারিখ ১ ফেব্রুয়ারি ২০২২।

▸ **শূন্যপদ, বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** *(১) স্টোরকিপার গ্রেড-III* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত)। এরমধ্যে ১টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটারে মাইক্রোসফট অফিসে কাজ জানতে হবে। *(২) সিভিলিয়ান ট্রেড ইনস্ট্রাক্টর* [রেজিমেন্টাল সার্ভেয়র টেকনিক্যাল, ইলেকট্রিশিয়ান, ফিটার, ইঞ্জিন আর্টিফিশার, ওয়েল্ডার, আর্টিশান (কনস্ট্রাকশন, মেটালার্জি, উডওয়ার্ক), পেন্টার অ্যান্ড ডেকোরেটর,

এরপর ২ পাতায়

উঃ ২৪ পরগনায় ২৩৩ স্বাস্থ্যকর্মী

উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে ২৩৩টি শূন্যপদে ল্যাবরেটরি টেকনিশিয়ান, স্টাফ নার্স, মেডিক্যাল অফিসার, কাউন্সিলার, লোয়ার ডিভিশন ক্লার্ক, গ্রুপ-ডি, ট্রিটমেন্ট সুপারভাইজার ইত্যাদি শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : CMOH-N24PGS/NHM/85। প্রার্থীদের আবেদন করতে হবে ২২ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে www.wbhealth.gov.in-recruitment অথবা www.north24parganas.gov.in।

এরপর ৪ পাতায়

WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Bank, Rail, CGL, CHSL, MTS, PSC etc.
Smart Combined for an individual Exam
Interview & Personality Grooming
সিজিএল পরীক্ষার মাধ্যমে কয়েক হাজার শূন্যপদে নিয়োগ
জিএসসিই-তে আজই যোগাযোগ করুন। এককালীন কোর্স ফি প্রদানে বা গ্রুপে ভর্তি হলে আকর্ষণীয় ছাড়ের সুযোগ।
গ্র্যাজুয়েট, কলেজ ও উচ্চমাধ্যমিক পড়ুয়াদের জন্য অফলাইন ও অনলাইনে চাকরির প্রস্তুতির সুযোগ
Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org
101 GEORGE TELEGRAPH
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

সম্পাদকীয়

ইংরেজি নববর্ষ ২০২২ এর সূচনা হতে না হতেই বাঙালির চিরাচরিত 'বারো মাসে তেরো পার্বণে'র ধারা অব্যাহত দেখা গেল। জানুয়ারি মাস মানেই পৌষ-পার্বণ তথা মকর সংক্রান্তি উদ্‌যাপন। পুরোনো ঐতিহ্য মেনে সংসারের সমস্ত ব্যস্ততার মধ্যেও মা-ঠাকুমারা পৌষ পার্বণ উপলক্ষ্যে পুলি-পিঠে বানিয়ে থাকেন। বর্তমান সমাজে দিনকালের নিত্য নৈমিত্তিকতা বদলেছে; এখন পুরুষ-নারী উভয়েই কাঁধে কাঁধ মিলিয়ে রুজি-রোজগারের পথে নেমেছে। ব্যস্ততা এখন ঘরে বাইরে, সমানতালে নারী ও পুরুষ একসঙ্গে সমস্ত দিক সামলাচ্ছে। এই অবস্থায় হয়তো এসব পার্বণ, পিঠে-পুলির পরম্পরা পালন করে উঠতে পারেনা। কিন্তু তাই বলে উদ্‌যাপন করতে আমরা আজও ভুলিনা। কোভিড সতর্কতা অবলম্বন করে এবছর গঙ্গাসাগরে মকর সংক্রান্তি পালিত হবে। সব মিলিয়ে প্রশাসনের কঠোর মনোযোগ এখন এদিকেই। দেশ তথা রাজ্যে করোনা সংক্রমণ বেশ বেড়ে যাওয়ায় এই উৎসবমুখর পরিস্থিতির মধ্যেও চিন্তার ভাঁজ পড়েছে মানুষের কপালে। করোনার সতর্কতা মেনে গত ৯ জানুয়ারি অনুষ্ঠিত হল রাজ্যের 'স্টেট এলিজিবিলিটি টেস্ট' (সেট) পরীক্ষা। রাজ্যের কলেজ-বিশ্ববিদ্যালয়গুলিতে সহকারী অধ্যাপক হিসাবে নিয়োগ করা হয় এই পরীক্ষার মাধ্যমে। সরকারি চাকরিপ্রার্থীরা যেহেতু কোভিড সংক্রমণের বাড়বাড়ন্ত দেখে চিন্তিত হয়ে আছেন যে, সরকারি চাকরির পরীক্ষাগুলি তাহলে কবে হবে, তাদেরকে বলব, পরীক্ষা এখনও পর্যন্ত স্থগিত হয়ে যাওয়ার কোনো নির্দেশিকা আসেনি। তবে যদি লকডাউনের পরিস্থিতি আবারও হয়, তবুও পরিস্থিতি স্বাভাবিক হলেই পরীক্ষাগুলি এক-এক করেই নেওয়া হবে কেন্দ্র ও রাজ্য সরকারের তরফে। গত বছর ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হয়েছিল প্রাথমিক শিক্ষক নিয়োগের টেট পরীক্ষা। ১১ মাস ১০ দিনের মাথায় গত ১০ জানুয়ারি রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদ সেই পরীক্ষার ফলাফল প্রকাশ করল। সাফল্যের হার ৫.২২ শতাংশ। এই পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল ২০১৭ সালে। দীর্ঘ জটিলতা কাটিয়ে অবশেষে ফলাফল প্রকাশিত হল। এছাড়া বেশ কিছু সরকারি চাকরির ফলও প্রকাশিত হয়েছিল যা আমরা গত সংখ্যাতেই জানিয়েছি। আগামীদিনে যেসব পরীক্ষা অনুষ্ঠিত হবে তার তারিখও দেওয়া রইল পত্রিকার পাতায়। উল্লেখযোগ্য 'কারেন্ট অ্যাফেয়ার্স' রইল বিস্তারিত আলোচনা-সহ। 'সাফল্যলাভে জিজ্ঞাসা'-তে রইল কেরিয়ার সংক্রান্ত কিছু তথ্যাবলি, ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক বা স্নাতক স্তরের পাঠ শেষে যা কাজে লাগতে পারে। চাকরির বাজারে এখন এসেছে বিভিন্ন দিশা। প্রতিযোগিতা যেমন বেড়েছে, তেমনই বেড়েছে চাকরির বিভিন্ন দিক। সবকিছু সাজিয়ে নিয়েই আমরা পাঠক-পাঠিকাদের কাছে নিয়মিত পৌঁছে যাই প্রতি সপ্তাহে। সকলকে জানাই 'শিক্ষা চাকরি ও খেলা' তরফ থেকে পৌষ-পার্বণ ও সংক্রান্তি উপলক্ষে শুভেচ্ছা, সকলে ভালো থাকুন ও অপরকে ভালো রাখুন।

প্রাইমারি টেটের ফল প্রকাশিত

১ পাতার পর

শিক্ষকতার চাকরি পেয়ে থাকতে পারে। এছাড়াও কিছু প্রার্থীদের বয়সও পেরিয়ে গিয়েছে। গত কয়েক বছর ধরেই ন্যাশনাল কাউন্সিল ফর টিচার এডুকেশন (এনসিটিই) বেশ কয়েকবার শিক্ষক নিয়োগের যোগ্যতায় পরিবর্তন এনেছে। সাম্প্রতিকতম যোগ্যতামান অনুযায়ী প্রার্থীকে উচ্চমাধ্যমিকে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর ও ২ বছরের ডিএলএড প্রশিক্ষণ পেয়ে থাকতে হবে। তবে বর্তমান চাকরির বাজার অনুযায়ী প্রচুর স্নাতক ও স্নাতকোত্তর উত্তীর্ণ প্রার্থীরাও প্রাথমিক টেটে অংশগ্রহণ করেন। চূড়ান্ত ফল প্রকাশের আগেই পর্ষদ রাজ্য জয়েন্ট বোর্ডের পদ্ধতি অনুসরণ করে পর্ষদের ওয়েবসাইটে মডেল অ্যানসারটি আপলোড করেছিল। প্রায় ৩ হাজার মতামত জমা পড়েছিল এই অ্যানসার কী দেখে। সমস্ত মতামত বিশেজ্ঞদের দ্বারা যাচাই করিয়ে সমাধানও করে পর্ষদ। এর পরেই চূড়ান্ত ফল ঘোষণা হয়। বৈধ পরীক্ষার্থীদের মধ্যে 'ওএমআর' বাতিল হয়েছে ৯২ জনের। পর্ষদের দুটি ওয়েবসাইটে গিয়ে পরীক্ষার্থীরা রোল নম্বর ও জন্ম তারিখ দিয়ে ফলাফল দেখতে পারেন। ওয়েবসাইটটি হল : www.wbbpe.org এবং https://wbbprimaryeducation.org।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে প্রকাশিত কোনো বিজ্ঞাপনের তথ্যে কোনোরূপ ভুল থাকলে তার দায় সম্পূর্ণভাবে ঐ বিজ্ঞাপনদাতার।

এমটিএস, কুক, স্টোরকিপার ইত্যাদি পদে ৬৫

১ পাতার পর

পিসিআর অ্যান্ড ডিএসভি] শাখায় শূন্যপদ ২২টি (অসংরক্ষিত ১১, ওবিসি ৫, এসসি ৩, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। এরমধ্যে ১টি পদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে আইটিআই অথবা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। *(৩) কুক* শাখায় শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৬, ওবিসি ২ ও এসসি ১)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে রান্নাবান্নার কাজ জানতে হবে। *(৪) লস্কর* শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৫, ওবিসি ১)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *(৫) মাল্টি টাস্কিং স্টাফ (ম্যাসেঞ্জার)* শাখায় শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৫, ওবিসি ২ ও এসসি ১)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *(৬) মাল্টি টাস্কিং স্টাফ (ওয়াচম্যান)* শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৫, ওবিসি ১ ও এসসি ১)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *(৭) মাল্টি টাস্কিং স্টাফ (গার্ডেনার)* শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৪, ওবিসি ১)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *(৮) মাল্টি টাস্কিং স্টাফ (সাফাইওয়ালা)* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *(৯) মাল্টি টাস্কিং স্টাফ (ওয়াশারম্যান)* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত)। এরমধ্যে ১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। মাধ্যমিক পাশের সঙ্গে মিলিটারি/সিভিলিয়ান পদে চাকুরিরত কর্মীদের জামাকাপড় কাচার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। *(১০) বার্বার* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত - শারীরিক প্রতিবন্ধী)। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উপরিউক্ত সমস্ত পদে বয়সসীমা ১৮-২৫ বছর ১ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে আবেদনপত্রের বয়ান দেওয়া আছে যেটি ডাউনলোড করে প্রিন্টআউট বের করে তা যথাযথভাবে ফিলআপ করে ১ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে পাঠিয়ে দিতে হবে এই ঠিকানায়– To, The Commandant, Bombay Engineer Group & Centre, Kirkee, Pune-411003. চিঠি পাঠাতে হবে স্পিড পোস্ট, অর্ডিনারি পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে। আবেদনপত্রের খামের উপর অবশ্যই বড় হাতের অক্ষরে লিখে দিতে হবে APPLICATION FOR THE POST OF ..... - Category : (UR/OBC/SC/ST/EWS/ESM/PWD)। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমেই। পরীক্ষা অনুষ্ঠিত হবে উপরিউক্ত ঠিকানাতেই। সম্পূর্ণ বিজ্ঞপ্তি এবং আবেদনপত্রের বয়ান পেতে www.bsakirkee.org এই ওয়েবসাইটটি দেখুন।

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

আবেদনের শেষ তারিখ ১৯ জানুয়ারি, ২০২২। প্রশিক্ষণের সময়সীমা ১ বছর।

▶ **শূন্যপদ :** *ক) টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেনিং বিভাগে* শূন্যপদ ৮০টি। এরমধ্যে ১) ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ৫০টি, ২) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ২টি, ৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ১৫টি, ৪) সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ৩টি, ৫) কমার্সিয়াল অ্যান্ড কম্পিউটার প্র্যাকটিসিং শাখায় শূন্যপদ ১০টি। *খ) গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনিং বিভাগে* শূন্যপদ ৭০টি। এরমধ্যে ১) ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ৫০টি, ২) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ২টি, ৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ৮টি, ৪) সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ২টি, ৫) কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ৬টি এবং ৬) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় শূন্যপদ ২টি।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ পাওয়ার জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা পাশ করতে হবে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ পাওয়ার জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বিই/বিটেক পাশ করতে হবে। শুধুমাত্র ২০১৯, ২০২০ এবং ২০২১ সালে পাশ করা প্রার্থীরাই আবেদনযোগ্য।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৯ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের www.mhrdnats.gov.in ওয়েবসাইটে গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। এরপর সম্পূর্ণ আবেদনপত্রটি ফিল-আপ করতে হবে। এরপর প্রার্থীকে একটি এনরোলমেন্ট নম্বর দেওয়া হবে। এই নম্বরটি নিয়ে তাকে অন্তত একদিন অপেক্ষা করতে হবে এনরোলমেন্ট ভেরিফিকেশন এবং অ্যাপ্রুভালের জন্য। এটি সম্পন্ন হয়ে গেলে এরপর প্রার্থী ঐ নির্দিষ্ট এনরোলমেন্ট নম্বর দিয়ে লগ-ইন করে পরবর্তী ধাপে গিয়ে আবেদনপত্রের পরবর্তী অংশ সম্পূর্ণ করতে পারবেন। এছাড়া আরো বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন। উল্লেখ্য, প্রশিক্ষণের সময় টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের মাসিক ভাতা দেওয়া হবে ৮,০০০ টাকা করে এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের মাসিক ভাতা দেওয়া হবে ৯,০০০ টাকা করে।

ম্যাজাগন ডক শিপ বিল্ডার্সে ৮৬ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

হবে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ও শিপবিল্ডিং টেকনোলজি শাখায়। ডিপ্লোমা শাখায় প্রশিক্ষণ দেওয়া হবে ইলেকট্রিক্যাল এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। আবেদনের শেষ তারিখ ২৫ জানুয়ারি, ২০২২।

▶ **শূন্যপদ :** *গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস বিভাগে* কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ২টি, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩টি, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ১৫টি, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৪৩টি, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি এবং শিপবিল্ডিং টেকনোলজি শাখায় ৫টি শূন্যপদ আছে। অর্থাৎ এই বিভাগে মোট শূন্যপদ ৭৯টি। *ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস বিভাগে* ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ২টি এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৫টি শূন্যপদ আছে। অর্থাৎ এই বিভাগে মোট শূন্যপদ ৭টি।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** গ্র্যাজুয়েট শাখায় আবেদনের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বিই/বিটেক পাশ করতে হবে। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস বিভাগে আবেদনের জন্য প্রার্থী সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা পাশ করতে হবে।

▶ **মাসিক ভাতা :** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস প্রশিক্ষণপ্রার্থীদের মাসিক ৯,০০০ টাকা এবং ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস প্রশিক্ষণপ্রার্থীদের মাসিক ৮,০০০ টাকা করে ভাতা দেওয়া হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের নাম নথিভুক্ত করতে হবে https://portal.mhrdnats.gov.in/boat/commonRedirect/registermenunewlregistermenunew.action এই লিঙ্কে গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। এরপর সম্পূর্ণ আবেদনপত্রটি ফিল-আপ করতে হবে। এছাড়া আরো বিস্তারিত জানতে mazagondock.in ওয়েবসাইটটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

আর্মি স্কুলে ৮৭০০ শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

স্নাতকস্তরে ৫০% নম্বর না হলেও কিন্তু তাঁর পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি বা যে বিষয়ে তিনি আবেদন করছেন তাতে ৫০% নম্বর থাকে তাহলে প্রার্থী আবেদনযোগ্য।

▸ **বয়সসীমা :** ১) ১ এপ্রিল, ২০২১ তারিখ অনুযায়ী নতুন প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর হতে হবে। এই প্রার্থীদের পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে ৫ বছরের কম মেয়াদ সম্পন্ন। ২) অভিজ্ঞ প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা হতে হবে ৫৭ বছর ১ এপ্রিল, ২০২১ তারিখ অনুযায়ী। এর সঙ্গে পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে অন্তত ৫ বছরের উপর সময়ের মেয়াদে।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে একটি 'অনলাইন স্ক্রিনিং টেস্ট'-এর মাধ্যমে, যেটি অনুষ্ঠিত হবে ১৯-২০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে। পরীক্ষাটি গ্রহণ করা হবে 'আর্মি ওয়েলফেয়ার এডুকেশন সোসাইটি' দ্বারা নির্ধারিত কোনো এজেন্সি দ্বারা। পরীক্ষাটিতে অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে ১০০ নম্বরের। পার্ট-এ বিভাগে ৮০টি প্রশ্ন থাকবে, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। এই পার্টে ৩টি সেকশনে বেসিক জিকে, কারেন্ট অ্যাফেয়ার্স ও প্রফেশনাল নলেজ থেকে প্রশ্ন থাকবে। পার্ট-বি বিভাগে ১২০টি প্রশ্ন থাকবে, সময় ২ ঘণ্টা। এই বিভাগে টিজিটি প্রার্থীদের ৪টি সেকশনে সাবজেক্ট পেসিফিক বেসিক নলেজ (ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সিলেবাস অনুযায়ী), সাবজেক্ট পেসিফিক মডারেট নলেজ (ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সিলেবাস অনুযায়ী) এবং বাকি ২টি সেকশনে সাবজেক্ট পেসিফিক হায়ার অ্যান্ড হায়ার লেভেল নলেজ (ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সিলেবাস অনুযায়ী) থেকে প্রশ্ন আসবে। পিজিটি প্রার্থীদের জন্য পার্ট-বি বিভাগে ৩টি সেকশন থেকে একাদশ ও দ্বাদশ শ্রেণির সিলেবাস অনুযায়ী সাবজেক্ট পেসিফিক বেসিক, মডারেট অ্যান্ড হায়ার লেভেল নলেজ থেকে প্রশ্ন থাকবে। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকছে। স্কোর নির্ধারণ করা হবে ১০০ নম্বরের মধ্যে নর্মালাইজেশন করে। পরীক্ষার সম্ভাব্য ফল প্রকাশের দিন ২৮ ফেব্রুয়ারি, ২০২২। মোট নম্বর নর্মালাইজড স্কোর হিসাবে শতাংশে হিসাব করা হবে। এই ধাপে উত্তীর্ণ প্রার্থীদের যে স্কোর কার্ড দেওয়া হবে তার বৈধতা থাকবে সেই তারিখ (যে তারিখে ফল প্রকাশিত হবে) থেকে আগামী ৩ বছর। অর্থাৎ এই ৩ বছরে প্রার্থী সিবিএসই দ্বারা স্বীকৃত যেকোনো স্কুলে অন্তত ১ বছরের জন্য শিক্ষকতার চাকরি করতে পারেন। এছাড়াও এই ধাপে উত্তীর্ণ হলে পরবর্তী ধাপগুলি যেমন, স্টেজ-২ তে 'ইন্টারভিউ' ও স্টেজ-৩ তে 'ইভালুয়েশন অফ টিচিং স্কিলস অ্যান্ড কম্পিউটার প্রফিশিয়েন্সি' ধাপগুলিতে প্রার্থী উন্নীত হবেন। ইন্টারভিউ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট স্কুলগুলি তাদের স্থানীয় সংবাদ পত্রিকা দ্বারা প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানিয়ে দেবে। স্টেজ-৩ তে প্রার্থীকে ভাষা পরীক্ষা দিতে হবে 'প্রবন্ধ' ও 'বোধ পরীক্ষা' বিভাগে, ১৫ নম্বরে। এই পরীক্ষাটি শুধুমাত্র ভাষা বিষয়ে আবেদনকারী প্রার্থীদের দিতে হবে। সারা দেশের ১৩৬টি স্কুলে পরীক্ষাকেন্দ্র নির্দিষ্ট হবে। পশ্চিমবঙ্গে কলকাতা, ব্যারাকপুরে আর্মি পাবলিক স্কুল আছে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৮ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীকে নাম নথিভুক্ত করতে হবে https://register.cbtexams.in/awes/Registration/ ওয়েব পোর্টালে গিয়ে। এরপর আবেদনপত্রটি সম্পূর্ণ ফিল-আপ করতে হবে। আবেদন ফি জমা করতে হবে অনলাইনেই। আবেদন ফি ৩৮৫ টাকা। আবেদনপত্র ফিল-আপের সময়ে ফটো, সিগনেচার, জন্মের প্রমাণপত্র ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের স্ক্যানকপি আপলোড করতে হবে। ১০ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড পাওয়া যাবে উপরিউক্ত ওয়েবসাইট থেকেই। পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার সম্ভাব্য তারিখ ২৮ ফেব্রুয়ারি, ২০২২। পরীক্ষার্থীকে লিখিত পরীক্ষায় পার্ট-এ এবং পার্ট-বি উভয় বিভাগেই ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পেতে হবে তবেই তিনি উত্তীর্ণ বলে বণ্য হবেন। এছাড়া বিস্তারিত জানতে www.aps-csb.in ওয়েবসাইটটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

৩৫৪ বর্ডার রোড অর্গানাইজেশনে

১ পাতার পর

▸ **শূন্যপদ :** ১) *মাল্টিস্কিলড ওয়ার্কার পেন্টার* শাখায় শূন্যপদ ৩৩টি (এসসি ৬, এসটি ২, ওবিসি ২২ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩)। ২) *মাল্টি স্কিলড ওয়ার্কার মেস ওয়েটার* শাখায় শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৭, এসসি ৪ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। ৩) *ভেহিক্যাল মেকানিক* শাখায় শূন্যপদ ২৯৩টি (অসংরক্ষিত ১২১, এসসি ৫১, এসটি ২৮, ওবিসি ৬৪ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৯)। ৪) *ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারী গ্রেড)* শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৮, এসটি ৭ এবং আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)।

▸ **বয়সসীমা :** মাল্টি স্কিলড ওয়ার্কার (পেন্টার এবং ওয়েটার) শাখায় বয়সসীমা ১৮-২৫ বছরের মধ্যে এবং ভেহিক্যাল মেকানিক এবং ড্রাইভার শাখায় বয়সসীমা ১৮-২৭ বছরের মধ্যে। উপরিউক্ত সবকটি পদেই বয়সসীমা ১৮ জানুয়ারি ২০২২ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** মাল্টিস্কিলড ওয়ার্কার পেন্টার শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। মাল্টিস্কিলড ওয়ার্কার মেস ওয়েটার শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। ভেহিক্যাল মেকানিক শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারী গ্রেড) শাখায় আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে এবং ভারী ও হালকা গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতা বিস্তারিত জানতে সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা ভালো করে জেনে নিয়ে তবেই আবেদন করতে হবে।

▸ **আবেদনের সময়সীমা :** ১৮ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীকে আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়–To The Commandant, GREF CENTRE, Dighi Camp, Pune-411015। শুধুমাত্র রেজিস্টার্ড পোস্টেই আবেদনপত্র পাঠাতে হবে। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি www.bro.gov.in ওয়েবসাইট থেকে পাওয়া যাবে যেটার সঙ্গে আবেদনপত্রের বয়ান দেওয়া আছে। আবেদনপত্রের বয়ানটি ডাউনলোড করে প্রিন্টআউট করে নিয়ে যথাযথভাবে ফিল-আপ করে পাঠিয়ে দিতে হবে। এছাড়া আবেদনপত্রের সঙ্গে সমস্ত শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, বয়সের প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (যদি থাকে), আইডি প্রুফ ইত্যাদির স্বপ্রত্যয়িত কপি পাঠিয়ে দিতে হবে। আবেদনপত্র শুধুমাত্র ইংরেজি বা হিন্দি ভাষায় ফিল-আপ কতে হবে। আবেদন ফি ৫০ টাকা। এসসি/এসটি প্রার্থীদের আবেদন ফি লাগবে না। আবেদন ফি জমা করতে হবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার নিম্নোক্ত লিঙ্কে গিয়ে। www.onlinesbi.com/sbicollect/icollect home.htm?corpID=1232156। আবেদনপত্র অনলাইনে জমা করার পর সেটির প্রিন্টআউট কপি সংশ্লিষ্ট আবেদন পত্রের সঙ্গে পাঠিয়ে দিতে হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট এবং প্র্যাকটিক্যাল এক্সাম বা ট্রেড টেস্টের মাধ্যমে। ট্রেড টেস্টে পাশ করা প্রার্থীদের এরপর প্রাইমারী মেডিক্যাল এক্সামিনেশনে পাশ করতে হবে। চিঠি পাঠানোর উপরিউক্ত ঠিকানাতেই সংশ্লিষ্ট পরীক্ষাগুলি অনুষ্ঠিত হবে। আরও বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি পড়ে নিন।

GSTT
GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within 22nd of January, 2022 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

Course	Eligibility	Duration
Certificate in Pre-School Teacher Training	10th Pass	One Year
Certificate in Pre-Primary Teacher Training	10th Pass	One Year
Certificate in Nursery Teacher Training	10th Pass	One Year
Certificate in Montessori Teacher Training	10th Pass	One Year
Certificate in Drawing Teacher Training	10th Pass	One Year
Certificate in Computer Teacher Training	10th Pass	One Year
Diploma in Montessori & Nursery Teacher Training	12th Pass	One Year
PG Diploma in Montessori & Nursery Teacher Training	Any Degree/ Diploma	One Year
Diploma in Montessori Teacher Training	10th Pass	One Year
Diploma in Primary Teacher Training	10th Pass	One Year

হেড অফিস : শিয়ালদহ
১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

উঃ ২৪ পরগনায় ২৩৩ স্বাস্থ্যকর্মী

১ পাতার পর

▶ শূন্যপদ : *(১) ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে এফটিএমও* শাখায় শূন্যপদ ২১টি (অসংরক্ষিত)। *(২) ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে ল্যাবরেটরি টেকনিশিয়ান* শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৮, এসসি ৪, এসটি ১, ওবিসি-এ ২ এবং ওবিসি-বি ১)। *(৩) ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে স্টাফ নার্স* শাখায় শূন্যপদ ১৭৩টি (অসংরক্ষিত ৯৪, এসসি ৩৯, এসটি ১০, ওবিসি-এ ১৭ এবং ওবিসি-বি ১৩)। *(৪) ন্যাশনাল হেলথ মিশনের অধীনে ল্যাবরেটরি টেকনিশিয়ান (এনসিডি)* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(৫) হিমোগ্লোবিন অপাথিস কন্ট্রোল প্রোগ্রামের অধীনে মেডিক্যাল অফিসার* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(৬) হিমোগ্লোবিন অপাথিস কন্ট্রোল প্রোগ্রামের অধীনে কাউন্সেলর* শাখায় শূন্যপদ ১টি (এসসি)। *(৭) হিমোগ্লোবিন অপাথিস কন্ট্রোল প্রোগ্রামের অধীনে স্টাফ নার্স* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও এসসি ১)। *(৮) আয়ুষ বিভাগের অধীনে মেডিক্যাল লোয়ার ডিভিশন ক্লার্ক* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(৯) আয়ুষ বিভাগের অধীনে গ্রুপ-ডি* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১০) WBSAP&CS (ARTC)* বিভাগে মেডিক্যাল অফিসার শাখায় শূন্যপদ ২টি (এসসি ১ ও বাকি শূন্যপদটি পরে জানানো হবে)। *(১১) WBSAP&CS (ARTC)* বিভাগে কাউন্সেলর শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১২) WBSAP&CS (ICTC)* বিভাগে ল্যাবরেটরি টেকনিশিয়ান শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ২, এসসি ২, ওবিসি-বি ১)। *(১৩) ন্যাশনাল টিউবারকিউলোসিস এলিমিনেশন প্রোগ্রামের অধীনে* সিনিয়র মেডিক্যাল অফিসার শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *(১৪) ন্যাশনাল টিউবারকিউলোসিস এলিমিনেশন প্রোগ্রামের অধীনে* সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজার শাখায় শূন্যপদ ২টি (এসটি ১, ওবিসি-এ ১)। *(১৫) ন্যাশনাল টিউবারকিউলোসিস এলিমিনেশন প্রোগ্রামের অধীনে* সিনিয়র ট্রিটমেন্ট ল্যাবরেটরি সুপারভাইজার শাখায় শূন্যপদ ২টি (এসটি ১, এসসি ১)। *(১৬) ন্যাশনাল টিউবারকিউলোসিস এলিমিনেশন প্রোগ্রামের অধীনে* আরএনটিসিপি ল্যাবরেটরি টেকনিশিয়ান শাখায় শূন্যপদ ২টি (এসটি)। *(১৭) ন্যাশনাল টিউবারকিউলোসিস এলিমিনেশন প্রোগ্রামের অধীনে* টিউবারকিউলোসিস হেলথ ভিজিটর শাখায় শূন্যপদ ১টি (এসটি)।

▶ **বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** (১) ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে মেডিক্যাল অফিসার শাখায় বয়সসীমা ৬২ বছর। মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এমবিবিএস পাশের সঙ্গে এক বছরের ইন্টার্নশিপ বাধ্যতামূলক এবং অবশ্যই ওয়েস্টবেঙ্গল মেডিক্যাল কাউন্সিল থেকে রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে। (২) ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে ল্যাবরেটরি টেকনিশিয়ান শাখায় বয়সসীমা ৪০ বছর। ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি/ম্যাথমেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি/এআইসিটিই দ্বারা স্বীকৃত ডিপ্লোমা পাশ করতে হবে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি বিষয়ে। (৩) ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে স্টাফ নার্স শাখায় বয়সসীমা ৬৪ বছর। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জিএনএম পাশের সঙ্গে বাংলা ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। (৪) ল্যাবরেটরি টেকনিশিয়ান (এনসিডি) শাখায় বয়সসীমা ৪০ বছর। আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ডিপ্লোমা পাশ করতে হবে। (৫) মেডিক্যাল অফিসার, থ্যালাসেমিয়া কন্ট্রোল প্রোগ্রাম (হিমোগ্লোবিন অপাথিস কন্ট্রোল প্রোগ্রাম) শাখায় পদগুলিতে আবেদনের জন্য বয়সসীমা ৬৩ বছর। মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এমবিবিএস পাশ করতে হবে। (৬) কাউন্সেলর, থ্যালাসেমিয়া কন্ট্রোল প্রোগ্রাম (হিমোগ্লোবিন অপাথিস কন্ট্রোল প্রোগ্রাম) শাখায় পদগুলিতে আবেদনের জন্য বয়সসীমা ৪০ বছর। সোশিওলজি/অ্যাপ্লায়েড সাইকোলজি বিষয়ে এমএ বা এমএসসি পাশ থাকলে আবেদনযোগ্য। (৭) স্টাফ নার্স, থ্যালাসেমিয়া কন্ট্রোল প্রোগ্রাম (হিমোগ্লোবিন অপাথিস কন্ট্রোল প্রোগ্রাম) শাখায় পদগুলিতে আবেদনের জন্য বয়সসীমা ৪০ বছর। ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জিএনএম কোর্স পাশের সঙ্গে থ্যালাসেমিয়া রোগীদের নিয়ে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। (৮) আয়ুষ বিভাগের অধীনের লোয়ার ডিভিশন ক্লার্ক শাখায় আবেদনের বয়সসীমা ৬২ বছর। এই পদে শুধুমাত্র রাজ্য সরকারের অবসরপ্রাপ্ত কর্মীরাই আবেদন করতে পারবেন। (৯) আয়ুষ বিভাগের অধীনে গ্রুপ-ডি শাখায় বয়সসীমা ২ বছর। এই পদে শুধুমাত্র রাজ্য সরকারের অবসরপ্রাপ্ত কর্মীরাই আবেদন করতে পারবেন। (১০) মেডিক্যাল অফিসার (এআরটিসি) শাখায় বয়সসীমা ৭০ বছর। এনএসিও দ্বারা স্বীকৃত প্রশিক্ষণ কেন্দ্র থেকে এমবিবিএস পাশ করা প্রার্থীরা আবেদনযোগ্য। (১১) কাউনসেলর (এআরটিসি) শাখায় বয়সসীমা ৬০ বছর। সোশাল ওয়ার্ক (মেডিক্যাল অ্যান্ড সাইক্রিয়াটিক সোশ্যাল ওয়ার্ক/সাইকোলজি/সোশিওলজি বিষয়ে মাস্টার ডিগ্রি পাশ অথবা, নার্সিংয়ে স্নাতক পাশ একজন প্রার্থী আবেদনযোগ্য যদি তিনি এনএসিও দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কাউন্সেলর হিসেবে অন্তত ১২ দিনের প্রশিক্ষণ পেয়ে থাকে। (১২) ল্যাবরেটরি টেকনিশিয়ান (আইসিটিসি) শাখায় বয়সসীমা ৬০ বছর। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বিএসসি পাশের সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। যদি ডিপ্লোমা থাকে সেক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এই শিক্ষাগত যোগ্যতা অবশ্যই ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পাশ করা হতে হবে। (১৩) সিনিয়র মেডিক্যাল অফিসার (ডিআরটিবি সেন্টার) শাখায় বয়সসীমা ৬২ বছর। মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা স্বীকৃত এমবিবিএস পাশের সঙ্গে ইন্টার্নশিপ বাধ্যতামূলক। (১৪) সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজার শাখায় বয়সসীমা ৪০ বছর। আবেদনের জন্য সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পাশ অথবা স্যানিটারি ইন্সপেক্টর পোস্ট পাশের সঙ্গে অন্তত ২ মাস মেয়াদের কম্পিউটারে সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে এবং ২ চাকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (১৫) সিনিয়র টিউবারকিউলোসিস ল্যাবরেটরি সুপারভাইজার শাখায় বয়সসীমা ৪০ বছর। স্নাতক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে সঙ্গে অন্তত ২ মাস মেয়াদের কম্পিউটারে সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে এবং ২ চাকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (১৬) এনটিইপি ল্যাব টেকনিশিয়ান শাখায় বয়সসীমা ৪০ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে। (১৭) টিউবারকিউলোসিস হেলথ ভিজিটর শাখায় বয়সসীমা ৪০ বছর। স্নাতক পাশ অথবা উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সার্টিফিকেট বা কোর্স হায়ার কোর্স পাশ থাকতে হবে হেলথ এডুকেশন কাউন্সেলিং বিষয়ে। অথবা, টিউবারকিউলোসিস হেলথ ভিজিটর হিসেবে কোর্স পাশ করতে হবে। এর সঙ্গে ২ মাস মেয়াদের কম্পিউটার সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে। উপরিউক্ত সমস্ত পদে বয়সীমা ৪ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়াও আরো বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

প্রকাশিত

ডব্লিউবিসিএস পরীক্ষায় একচান্সে সফল হতে

অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

WBCS গাইড বুক



পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে।
মূল্য– ৪০০ টাকা

প্রিলি ও মেন পরীক্ষার জন্য ১০৪০ পৃষ্ঠার এই বইটির বিশেষত্ব-

❖ বিষয়ভিত্তিক পুঙ্খানুপুঙ্খ আলোচনা ও কমনযোগ্য প্রশ্নোত্তর--
ইংরেজি, ভারতের ইতিহাস, ভারতের স্বাধীনতা সংগ্রাম, পশ্চিমবঙ্গ-সহ ভারতের ভূগোল, ভারতীয় সংবিধান ও অর্থনীতি, বিজ্ঞান, মানসিক দক্ষতা, সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স।

❖ বিগত ১১ বছরের প্রশ্নোত্তর

✆ ৯৮৭৪২৭৩০০০

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল
অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

■ বিষয়ভিত্তিক তথ্য সংকলন
■ ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
■ পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ট্রান্সক্রিপশন বিষয়ে কিছু তথ্য

ট্রান্সক্রিপশন সম্পর্কে জানাতে প্রথমেই বলে রাখি, এটির মাধ্যমে কি কি পথে আয়ের পথ আছে সে সম্পর্কে আজ আপনাদের জানানো হবে। ট্রান্সক্রিপশনের কাজ এমনই যা কিনা কেউ বাড়িতে বসেই কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার করে ডলার পদ্ধতিতে আয় করতে পারেন। প্রথমেই আসি অডিও ট্রান্সক্রিপশন বিষয়ে। এটি হল শ্রুতিলিখন, এখানে আপনাকে কোনো একটি অডিও দিয়ে দেওয়া হবে যা শুনে আপনাকে কম্পিউটারে লিখতে হবে। এই অডিও ফাইলগুলি বিভিন্ন ধরনের হতে পারে। ফাইলগুলি একাধিক মানুষের কথোপকথন (Dialogue writing), মার্কেট রিসার্চ, ইন্টারভিউ, মিটিং, ফোন কল ইত্যাদি।

ট্রান্সক্রিপশন কাকে বলে?

কোনো সিনেমা দেখার সময় তলায় সংলাপগুলি বিভিন্ন ভাষায় লেখা থাকে, সেগুলিকে বলে ট্রান্সক্রিপশন। ট্রান্সক্রিপশন পরিষেবা সবচেয়ে বেশি ব্যবহৃত হয় আইন, মেডিসিন, বিজনেস ইত্যাদি।

কি কি ভাষায় ট্রান্সক্রিপশন হয়?

সমস্ত ভাষায় ট্রান্সক্রিপশন হয়। যে ভাষায় অডিও শুনছেন সেই ভাষাতেই লিখতে হবে। বেশি টাকা ডলারে উপার্জন করতে চাইলে ইংরেজি অডিও শুনে তা ইংরেজিতে লিখতে হবে। যতবার ইচ্ছে অডিওটি শুনে প্রতিটা শব্দ বুঝে আপনি লিখতে পারবেন। এছাড়া ফরাসি, রাশিয়ান, কানাডিয়ান, স্প্যানিশ ইত্যাদি সব ভাষাতেই ট্রান্সক্রিপশনের কাজ পাওয়া যায়। এই কাজে বেশিরভাগ ক্ষেত্রেই পেমেন্ট ডলারে পাওয়া যায়। কারণ বেশিরভাগ ওয়েবসাইট পশ্চিমি দেশগুলির মালিকানাধীন। ১ ডলার = ভারতীয় মুদ্রায় ৭০-৭৫ টাকা হিসাবে আপনি রোজগার করতে পারবেন। ট্রান্সক্রিপশনের কাজে বাড়িতে কি প্রয়োজন? শুধুমাত্র কম্পিউটার বা ল্যাপটপ, হেডফোন ও ইন্টারনেট– প্রাথমিকভাবে এগুলিই দরকার পড়ে।

পেশা হিসাবে কেমন?

পেশা হিসাবে ট্রান্সক্রিপশনকে বহু মানুষই ইতিমধ্যেই গ্রহণ করেছে। কিন্তু যারা এই কাজে যুক্ত হয়েছেন, তারা প্রথমেই এটিকে পেশা না করে কাজের ধরন-ধারণ বুঝুন। ধীরে ধীরে কাজ শিখুন, ক্লায়েন্টরা আপনার প্রশংসা করুন, সেই প্রশংসা আপনাকে আরও কাজ পেতে সাহায্য করবে। তারপর যদি বোঝেন যে, এই কাজে যথেষ্ট ভালো উপার্জন হচ্ছে তখন সম্পূর্ণ পেশা হিসাবে এই কাজকে গ্রহণ করতে পারেন।

ট্রান্সক্রিপশনের বিভিন্ন ওয়েবসাইট–

প্রথম ওয়েবসাইট : transcribeme.com। এটি ট্রান্সক্রিপশনের সবচেয়ে পুরনো ও বিখ্যাত ওয়েবসাইটগুলির একটি। যারা প্রথম ট্রান্সক্রিপশনের কাজ শুরু করেছে এখানে কাজ করে প্রতি অডিও ফাইল এর ঘণ্টা হিসেবে তারা ১৫-২২ ডলার অবধি উপার্জন করতে পারেন। অর্থাৎ এক ঘণ্টার অডিও ফাইল হলে ট্রান্সক্রিপশন করে আপনি ১৫ ডলার সর্বনিম্ন আয় করলে ভারতীয় মুদ্রায় প্রায় ৭৫×১৫ = ১১২৫ টাকা। (১ ডলার = ৭৫ টাকা ধরলে)। অর্থাৎ আপনি কতক্ষন কাজ করালেন তার হিসেবে টাকা দেওয়া হয় না, টাকা দেওয়া হয় অডিও ফাইলটি কতক্ষনের তার হিসেবে। ট্রান্সক্রিপশন কিন্তু অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। অফিশিয়াল ওয়েবসাইটটি হল : https://www.transcribeme.com/jobs/। দ্বিতীয় ওয়েবসাইট : এরপর Gotranscript.com এর ওয়েবসাইট সম্পর্কে বলব। এই ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্টার করতে হবে তারপর ওখানে একটা পিডিএফ ফাইলে ট্রান্সক্রিপশনের সাইডলাইন দেওয়া থাকবে। সেটি ভালো করে পড়ে একটি পরীক্ষা দিতে হবে। এই পরীক্ষায় পাশ করলে তবেই ট্রান্সক্রাইবার হিসাবে ওখানে রেজিস্টার করার প্রক্রিয়া সম্পূর্ণ হবে। শুধুমাত্র ইংরেজি নয়, ভারতীয় ভাষাতেও ট্রান্সক্রিপশন করতে পারবেন। এক্ষেত্রে প্রতি মিনিটের অডিও ফাইলে ৩.৬০ ডলার উপার্জন করা যায়। অফিশিয়াল ওয়েবসাইট– https://gotranscript.com/transcription-jobs.

তৃতীয় ওয়েবসাইট– Rev.com - এটিও একটি ভালো ওয়েবসাইট। এখানেও একটি পরীক্ষায় পাশ করে তবেই ট্রান্সক্রিপশনের কাজ পাওয়া যায়। আপনি যেরকম প্রোজেক্টে কাজ করতে ইচ্ছুক তা নিজেই বেছে নিতে পারেন। এখানে প্রতি মিনিটের অডিও ট্রান্সক্রিপশনের জন্য ০.১০ ডলার - ১.১০ ডলার পাওয়া যায়। অফিশিয়াল ওয়েবসাইট – https://www.rev.com/trulancers।

চতুর্থ ওয়েবসাইট– Appenscribe.com। এটি অস্ট্রেলিয়া বেসড একটি ফার্ম ও প্ল্যাটফর্ম যারা বিভিন্ন বিষয়ে অনলাইন সার্ভিস দেয় এবং এই সার্ভিস দেবার জন্য সারা পৃথিবী থেকে বিভিন্ন মানুষকে নিযুক্ত করে। এখানে ১৮ বছরের উপর বয়সী যে কেউ বিভিন্ন ধরনের কাজই করতে পারেন। যদিও ট্রান্সক্রিপশনের কাজ এখানে মাইক্রো টাস্ক হিসাবে পাওয়া যায়। এই ওয়েবসাইটে কাজ করলে, অডিও ফাইলটি যদি এক ঘণ্টার হয় তাহলে তাতে ১০ ডলার পেতে পারেন। যদি কাজ ৮৫% নির্ভুল হয় তবেই আপনি পেমেন্ট পাবেন, কাজ শেষের সাত দিনের মধ্যে। প্রার্থীর ইমেল আইডি, নাম, ফোন নম্বর, ঠিকানা ইত্যাদি দিয়ে নাম রেজিস্টার করতে হবে। অফিশিয়াল ওয়েবসাইট– hppts://appen.com/jobs/contributor।

পঞ্চম ওয়েবসাইট– speechpad.com। এটি এমন একটি প্ল্যাটফর্ম যারা খুব বেছে ট্রান্সক্রাইবার নিয়োগ করে। ইংরেজিতে খুব ভালো না হলে বা টাইপিং স্পিড ভালো না হলে এখানে রেজিস্টার করার প্রয়োজন নেই। সর্বনিম্ন ৪০টি শব্দ টাইপিং দক্ষতা এবং ইংরেজি ভাষা ও ব্যাকরণে ভালো জ্ঞান থাকতে হবে। এখানে কাজ শুরু করলে প্রথমদিকে ০.২৫ ডলার করে পাবেন, কাজের মান বাড়াতে পারলে ১ ডলার প্রতি মিনিটের অডিওর জন্য পাবেন। অফিশিয়াল ওয়েবসাইট– https://www.speechpad.com/taq।

ষষ্ঠ ওয়েবসাইট– castingwords.com। ১৮ বছরের উপরে বয়স হলে এই ওয়েবসাইটে ট্রান্সক্রাইবার হিসাবে যুক্ত হতে পারেন। প্রতি মিনিট অডিওতে ৮.৫ সেন্ট থেকে ১ ডলারের কিছু বেশি হিসাবে আয় করতে পারেন। অফিশিয়াল ওয়েবসাইট– https://workshop.castingwords.com/worklogin।

সপ্তম ওয়েবসাইট– Amberscript.com। এই ওয়েবসাইটটি অবশ্য যাদের মাতৃভাষা ইংরেজি তাদেরকেই ট্রান্সক্রাইবার হিসাবে চায়। তবে অন্যান্যরাও নিযুক্ত হতে পারেন যদি তাদের ইংরেজি লেখার ভিত খুব ভালো হয়। প্রতি মিনিট অডিওতে ০.৪৫ ডলার - ১.২০ ডলার হিসাবে অর্থ দেওয়া হয়। অফিশিয়াল ওয়েবসাইট– https://www.amberscript.com/en/transcriber-subtitler/।

অষ্টম ওয়েবসাইট– verbal.ink। এই ওয়েবসাইটটি এখন Ubiqus.io নামে পরিবর্তিত হয়েছে। এখানে ট্রান্সক্রিপশনের কাজ করতে চাইলে মেইল করে আপনাকে আবেদন করতে হবে। এই ওয়েবসাইট তাদের পেমেন্ট রেট প্রকাশ করতে চায় না, তাই একমাত্র ওদের হয়ে কাজ করলেই এই বিষয়ে তথ্য পাওয়া যায়, যদিও মোটামুটি ০.৮০ - ০.৮৫ ডলার এর কাছাকাছি প্রতি মিনিট অডিওতে অর্থ পাওয়া যায় বলে শোনা যায়। অফিশিয়াল ওয়েবসাইট– 1-888typeitup.com। এই ওয়েবসাইট দাবি করে যে, স্পিড নয় তারা লেখায় 'accuracy'কে প্রাধান্য দেয়। এখানে প্রতি মিনিট অডিওর জন্য ০.৩০ ডলার - ৩ ডলার পর্যন্ত আপনি উপার্জন করতে পারবেন। অফিশিয়াল ওয়েবসাইট– https://www.1888typeitup.com/applicant-taq/।

দশম ওয়েবসাইট– scribic.com। এটি সানফ্রান্সিসকো বেসড একটা প্ল্যাটফর্ম যেখানে বেশিরভাগই ছোট ছোট অডিও ফাইল ট্রান্সক্রিপ্ট করতে পারবেন। তবে টাইপিং স্পিড ভালো থাকতে হবে। প্রতি মিনিটের অডিওর জন্য ০.১০ ডলার এবং প্রতি ঘণ্টা অডিওর জন্য ৫-২৫ ডলার পেমেন্ট দেওয়া হয়। অফিশিয়াল ওয়েবসাইট– https://scribic.com/freelance-transcription#intro।

ফাইন আর্টস নিয়ে কেরিয়ার

প্রথমেই বলে রাখি, শিল্পকলার পাঠ একটি ব্যতিক্রমী বিষয়। ব্যক্তিগত ভাললাগা বা ছবি আঁকায় পারদর্শীতা না থাকলে এই বিষয় নিয়ে পড়ার কথা কেউ ভাবেন না। তবে ভালবাসার বাইরে ভবিষ্যৎ সম্ভাবনার কথাটা ভাবতেই হয়। ১৫-২০ বছর আগেও হয়তো যেটা নিয়ে কেউ ভাবতেন না। মনের আনন্দে ছবি আঁকার মধ্যে যে সৃজনশীল আনন্দ, তাতেই ডুবে থাকতেন। তার বাইরে অর্থকড়ির ভাবনাকে নিচু নজরেও দেখা হত আগেকার দিনে। এখন সেই রক্ষণশীল মনোভাব কেটে গিয়েছে। নিজের দক্ষতাকে প্রয়োগ করে উপার্জন করার মুক্ত ভাবনা এই প্রজন্মের ছাত্রছাত্রীদের। আমরাও তাতে উৎসাহ দিই। এই মুক্তমনার কারণেই কর্মসংস্থানের দিগন্ত খুলে গিয়েছে। পাবলিক-প্রাইভেট স্কুলগুলিতে 'আর্ট টিচার' হিসাবে অনেকে কাজ করছেন, কলেজেও পড়াচ্ছেন। এছাড়া টেক্সটাইল, পটারির মতো প্রতিষ্ঠিত শিল্প ছাড়াও গ্রাফিক্স, ভিস্যুয়াল কমিউনিকেশন, অ্যানিমেশন, আর্ট ডিরেকশন, প্রিন্ট মিডিয়াতে ইলাস্ট্রেটরের কাজ পাচ্ছেন। যেমন, আমারই চেনা এক শিল্পী দম্পতি আর্ট নিয়ে যথেষ্ট 'সিরিয়াস' কাজের পাশাপাশি থিয়েটারের সেট বানাচ্ছেন, এমনকী বেশ কয়েকটা দুর্গামণ্ডপ ও প্রতিমার সাজসজ্জার কাজ করছেন প্রতি বছর। শিল্পকলা মানে ছবি বা ভাস্কর্য কেনা-বেচার মাধ্যমে উপার্জনটা আমি এই আলোচনার বাইরেই রাখতে চাই।

কোথায় পড়ব?

শান্তিনিকেতনের কলাভবন, গভর্নমেন্ট আর্ট কলেজ, রবীন্দ্রভারতী খুব ভাল। বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত বর্ধমান কলেজ অফ আর্ট অ্যান্ড ডিজাইন, ইন্ডিয়ান আর্ট কলেজেও যত্ন করে পড়ানো হয়। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ডিপার্টমেন্ট অফ পেইন্টিং-এ শুধু মাস্টার্স করা যায়। গড়িয়াতে একটা আর্ট কলেজ রয়েছে। ফাইন আর্টস নিয়ে পড়ার সুযোগ অনেক বেশি।

ভর্তি হব কিভাবে?

দ্বাদশ শ্রেণি পাশ করাটা প্রাথমিক যোগ্যতা। ওই ফল প্রকাশের পর সমস্ত কলেজেই ভর্তির জন্য পরীক্ষা নেওয়া হয়। স্বাভাবিকভাবেই সেই পরীক্ষায় দেখে নেওয়া হয় আঁকায় পারদর্শীতা কেমন। এখন পারদর্শীতা দুদিকে হতে পারে– বাস্তবকে ছবিতে ফুটিয়ে তোলাও যেমন দক্ষতা, তেমনই মনের আবেগ প্রকাশ করাতে শিল্পীমনের সার্থকতা। দুটি ক্ষেত্রেই যেটা জরুরি, সেটা হল পর্যবেক্ষণ শক্তি– যা ঘটছে আশপাশে, তা দেখার চোখ আছে কিনা। ভর্তি পরীক্ষায় এটার উপরেই সবচেয়ে বেশি জোর দিই আমরা।

কত দিনের কোর্স?

বি ফাইন চার বছরের কোর্স। প্রথম বছরটা ফাউন্ডেশন কোর্স। ফাইন আর্টস মানে পেইন্টিং– এই সরল সমীকরণটা ভেঙে পেইন্টিং, স্কাল্পচার, প্রিন্ট মেকিং, পটারি, টেক্সটাইল ও শিল্পকলার ইতিহাস নিয়ে পড়ানো হয় প্রথম বছরে। পরের তিন বছর যে কোনো একটি বিভাগে স্পেশালাইজেশন। গভর্নমেন্ট আর্ট কলেজ, রবীন্দ্রভারতীতে অ্যাপ্লায়েড আর্টস বলে আর একটি বিভাগ রয়েছে। বি ফাইন পাশ করার পর মাস্টার্স করার জন্য আলাদা করে পরীক্ষা দিতে হয়। পিএইচডি তার পরে করা যায়। সেইভাবে দেখলে এই দুনিয়ায় শেখার কোনও শেষ নেই। সারা জীবন ধরে নিরন্তর চলতে থাকে শেখার প্রক্রিয়া।

খরচ কত?

কোর্স ফি বা থাকার খরচ বাদ দিলেও আঁকা সরঞ্জাম কেনার জন্য একটু খরচ আছে। তবে, শিল্পীমনের কাছে আর্থিক সীমাবদ্ধতা কোনও দিনই বাধা হয়ে দাঁড়ায়নি।

তথ্যসূত্র : বিশেষজ্ঞদের পরামর্শ ও ইন্টারনেট থেকে সংগৃহীত।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন **sckmatter@gmail.com** এই ইমেল আইডিতে। অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর প্রকাশিত হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হয় না।

উঃ ২৪ পরগনা জেলায় বিভিন্ন পদে ১৯

উত্তর ২৪ পরগনা জেলার রূপশ্রী প্রকল্পে অ্যাকাউন্ট্যান্ট ও ডেটা এন্ট্রি অপারেটর শাখায় ১৯ প্রার্থীকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে। প্রার্থীদের অবশ্যই উত্তর ২৪ পরগনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনের শেষ তারিখ ১৮ জানুয়ারি, ২০২২। অ্যাকাউন্ট্যান্ট শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ১, এসটি ১ ও এসসি এক্সেমটেড ক্যাটেগরি ১)। এই পদে আবেদনের জন্য প্রার্থীকে কমার্স শাখায় অনার্সসহ স্নাতক পাশ করতে হবে। কম্পিউটারে মাইক্রোসফট অফিসে কাজ জানতে হবে। কম্পিউটারে স্প্রেড শিট, ট্যালি এবং প্রেজেন্টেশন প্যাকেজে কাজ জানতে হবে। অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মাসিক বেতন দেওয়া হবে ১৫,০০০ টাকা। ডেটা এন্ট্রি অপারেটর শাখায় শূন্যপদ ১৬টি। (অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ৫, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ২, এসসি প্রাক্তন সমরকর্মী ১, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১, ওবিসি-এ এক্সেমটেড ক্যাটেগরি ১, ওবিসি-বি এক্সেমটেড ক্যাটেগরি ১, এসসি ১, অসংরক্ষিত প্রাক্তন সমরকর্মী ১, এসটি ১, ওবিসি-এ ১ এবং অসংরক্ষিত ১)। এই পদে আবেদনের জন্য প্রার্থীকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে মাইক্রোসফট অফিসে কাজ জানতে হবে। টাইপিং স্পিড থাকতে হবে ৩০টি শব্দ প্রতি মিনিটে। অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মাসিক বেতন দেওয়া হবে ১১,০০০ টাকা। উভয় পদেই বয়সসীমা ১ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী ৪০ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। প্রার্থীদের আবেদন করতে হবে ১৮ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে www.north24parganas.gov.in ওয়েবসাইটে গিয়ে। এছাড়া সম্পূর্ণ তথ্য পেতে এই ওয়েবসাইটে চোখ রাখুন।

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Specialist Officer XI (Mains Exam)	30.01.2022	www.ibps.in
IBPS PO / MT XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Mains Exam) 2021	January, 2022	
IBPS Clerk-XI (Preli Exam) 2021	December, 2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Mains) Exam-2021	27.02.2022 to 08.03.2022	www.upsc.gov.in
Indian Forest Service (Preli) Exam-2022	05.06.2022	
Indian Forest Service (Mains) Exam-2022	20.11.2022	
Civil Services (Mains) Exam-2021	07-09,15,16.01.2022	
Civil Services (Preli) Exam-2022	05.06.2022	
Civil Services (Mains) Exam-2022	16.09.2022	
CDS Exam-II 2022	04.09.2022	
Combined Geo-Scientist Preli Exam 2022	20.02.2022	
Combined Geo-Scientist Mian Exam 2022	25,26.06.2022	
Engineering Service Preli Exam 2022	20.02.2022	
NDA & NA Exam-I 2022	10.04.2022	
NDA & NA Exam-II 2022	04.09.2022	
Staff Selection Commission		
CGL 2020 Tier-III Exam	06.02.2022	www.ssc.nic.in
CGL 2020 Tier-II (CBT)	28-29.01.2022	
CHSL 2020 Tier-II Exam	09.01.2022	
CGL 2021 Tier-I	April, 2022	
JHT, JT, SHT 2021 Paper-I (CBT)	December, 2022	
Head Constable 2022 (CBT)	October, 2022	
Selection Post Phase-X 2022 (CBT)	July, 2022	
MTS Tier-I 2021	June, 2022	
CHSL Tier-I 2022	May, 2022	
Selection Post (Phase-IX) CBT	02-10.02.2022	
Scientific Assistant, 2022 (CBT)	January, 2023	
SSC GD Constable, 2022 (CBT)	June, 2023	
Constable (Executive), 2022 (CBT)	May, 2023	
Stenographer 2021 (CBT)	April, 2023	
Junior Engineer 2021 (CBT)	March, 2023	
MTS 2022 (CBT)	February, 2023	
West Bengal & All India Various Exams' Date		
SEBI Asst. Manaer Gr-A Phase-I	20.0202022	www.sebi.gov.in
SEBI Asst. Manaer Gr-A Phase-II	20.3 & 03.04.2022	
WB SET 2021	09.01.2022	www.wbcsconline.in
Navik (DB) 01/2022 Stage-III Exam	April, 2022	https://joinindian
Navik (GD) & Yantrik 01/2022 Stage-III Exam	February, 2022	coastguard.gov.in
WBSEDCL Office Executive & Junior Operator Technician cum Technical Assistant (Advt. No. 05/2018)	—	www.wbsedcl.in
West Bengal and All India Various Exams' Result		
IBPS Clerk-X Main Exam Result		www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List		
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List		
IBPS PO / MT-X Mains Result		
IBPS PO / MT-XI Preli Result		
IBPS Clerk-X Mains Result		
IBPS RRB-X Officer (Scale-I, II, III) Result		
IBPS RRB-IX (Office Assistant) Mains Result		

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
West Bengal and All India Various Exams' Result	
State Bank of India Clerk Mains Result	www.sbi.co.in
SBI PO 2021 Preli Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Preli Result, 2019	
PSC Clerkship 2019 Mains Result (Advt. No. 15/2019)	www.wbpsc.gov.in
Miscellaneous 2018 Final Result (Advt. No. 29/2017)	
WBCS 2019 Group-C Main Result	
PSC Audit & Accounts Service (Advt. No. 17/2020) Preli Result	
PSC Civil Service Exam 2019 Gr-D Mains Result	
PSC Judicial Service 2021 Final Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result, 2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.wbcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBCS 2020 Preliminary Result	
UPSC (Union Public Service Commission)	
Civil Service 2021 Preli Result	www.upsc.gov.in
CAPF Written Exam Result	
UPSC CDS-II 2020 Result	
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SI in Delhi Police & CAPF 2020 Paper-II Result	www.ssc.nic.in
SSC Junior Engineer 2020 Paper-I Result	
Jr. Engineer 2019 Paper-II Result	
JHT, Jr. Translator & SHT 2020 Final Result	
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 Final Result	
CHSL Exam 2019 (Tier-II) Result	
CHSL Exam 2020 (Tier-I) Revised Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী যেকোনো কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন।

@bettersolution4u

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

জীবন গড়ার ১০০ বছর

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ – যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- অ্যাডভান্স মোবাইল রিপেয়ারিং (ই.এম.এম.সি) প্রফেশনাল
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- * অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)
- * প্রফেশনাল বিসনেস অ্যাকাউন্ট্যান্ট
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- * কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট #
- * স্টেনোগ্রাফি
- * মাইক্রোসফট অফিস (এক্সেল সহ)
- * ট্যালি GST
- * ডট নেট টেকনোলজি

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra
- ১০০% এডুকেশন লোন
- পরিশোধ করার সময়সীমা : ১৫ বছর
- চাকরী পাওয়ার পর অথবা ডিপ্লোমা / সার্টিফিকেট পাওয়ার ১ বছর পর থেকে EMI শুরু
- EMI সামান্য

*Scan QR code for more details

ডাটা সায়েন্স
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং আর
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং পাইথন
- মেশিন লার্নিং ইউজিং আর
- মেশিন লার্নিং ইউজিং পাইথন

কর্পোরেট কোর্স
- রিলায়েন্স ডিজিটাল কনজিউমার ইলেকট্রনিক্স ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল এয়ার কন্ডিশনার ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল হোম অ্যাপ্লায়েন্সেস অ্যাণ্ড রেফ্রিজারেটর ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যাণ্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)

ফিল্ম অ্যাণ্ড টেলিভিশন
- অ্যাকটিং
- এডিটিং
- ডাইরেকশন
- সিনেমাটোগ্রাফি

প্যারামেডিক্যাল – এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
